দৈনিক ইত্তেফাক

54

তারিখ 10 MAY 1992

পৃষ্ঠা 2 কলাম 2

# ক্যাম্পাসে উত্তেজনা

ইত্তেফাক রিপোর্ট ।। চট্টগ্রামের ফটিকছড়িতে সন্ত্রাসী ঘটনার প্রতিবাদে গতকাল (শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগ (আ-অ) সহ বিভিন্ন সংগঠনের

(২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে উত্তেজনা

(১ম পৃঃ পর)

কর্মীদের মধ্যে উত্তেজনা দেখা দেয়। ক্যাম্পাসের কলা ভবন, মধুর কেন্টিন ও টিএসসি এলাকায় শিবিরকর্মী সন্দেহে ৫ জন তরুণ প্রহৃত হয়। তাহাদের মধ্যে মিজান ও মোজাম্মেল নামে দুইজনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে প্রাথমিক চিকিৎসার পর ছাড়িয়া দেওয়া হইয়াছে।

সারাদিন ক্যাম্পাসের বিভিন্ন এলাকায় শিবির বিরোধী উত্তেজনা অব্যাহত ছিল। ছাত্রলীগ (আ-অ) গণতান্ত্রিক ছাত্রঐক্য ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল শেষে জাতীয় প্রেসক্লাব এবং মধুর কেন্টিনের সম্মুখে পৃথক ছাত্র সমাবেশের আয়োজন করে।

জাতীয় প্রেস ক্লাবের সম্মুখে ছাত্রলীগের সমাবেশে বলা হয়, সরকারের মদদে একাত্তরের পরাজিত শক্তি পুনরায় মাথাচাড়া দিয়া উঠিয়াছে। চট্টগ্রামের ফটিকছড়িতে জামায়াত-শিবিরের কর্মীদের সন্ত্রাসী তৎপরতা প্রমাণ করে দেশে আইন-শৃঙ্খলা পরিস্থিতির যথেষ্ট অবনতি ঘটিয়াছে। সমাবেশে, ফটিকছড়ির ঘটনায় জড়িত শিবির কর্মীদের গ্রেফতার ও বিচার দাবী করা হয়। সংগঠনের সভাপতি শাহে আলম, সাধারণ সম্পাদক অসীম কুমার উকিল সমাবেশে বক্তৃতা করেন।

মধুর কেন্টিনের সম্মুখে গণতান্ত্রিক ছাত্রঐক্যের সমাবেশে বলা হয়, স্বাধীনতা বিরোধী শক্তি জামায়াত-শিবির সরকারের পরোক্ষ সহযোগিতায় দেশের বিভিন্ন স্থানে সন্ত্রাস শুরু করিয়াছে। সমাবেশে ফটিকছড়ির ঘটনায় জড়িতদের গ্রেফতার ও বিচার দাবী করা হয়। সুনীল দাস, জিয়াউল হক জিয়া, সাইফুর রহমান তপন সমাবেশে বক্তৃতা করেন।